"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ।
ফোন : (+৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স : ৪৭১১৮৪৪৯

তারিখ : ২২ সেপ্টেম্বর, ২০২২

জবি/প্রশা/একা (বৃত্তি)-৩৪(৫)/২০১০/ ২৭৭৮

ডিন/পরিচালক/চেয়ারম্যান
সকল ডিন/ইনস্টিটিউট/বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

বিষয় : **আইসিটি ক্ষেত্রে গবেষণার জন্য ২০২২-২০২৩ অর্থবছরে "হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ" প্রদানের লক্ষ্যে আগ্রহীদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান প্রসঙ্গে।**

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৫২.৩৩.০০১.২১.২৪ তারিখ: ২৩ আগস্ট, ২০২২।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে **"হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ"** প্রদান করা হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নীতিমালা অনুযায়ী ০২ জন ফেলোকে (০১ জন পুরুষ ও ০১ জন মহিলা) মাসিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা হারে ০১ বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। এক্ষেত্রে তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েশনসহ ফলাফল ঘোষণার ০১(এক) বছরের মধ্যে আবেদন করতে হবে। উক্ত ফেলোশিপ গ্রহণে আগ্রহীদের অনলাইনে আগামী **৩১ ডিসেম্বর, ২০২২** তারিখ পর্যন্ত আবেদনপত্র (ims.ictd.gov.bd) এই ওয়েবসাইট-এর মাধ্যমে দাখিল করা যাবে।

উপর্যুক্ত বিষয়ে শ্রেণিকক্ষে এবং নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় হতে প্রাপ্ত চিঠির কপি।

ধন্যবাদান্তে,

২২/৯/২২

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার।

তারিখঃ ২২ সেপ্টেম্বর, ২০২২

জবি/প্রশা/একা (বৃত্তি)-৩৪(৫)/২০১০/ ২৭৭৮
সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১-০৬. ডিন, সকল অনুষদ, জবি;
০৭-০৮. পরিচালক, আই.ই.আর/আই.এম.এল, জবি;
০৯-৪৪. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪৫. প্রভোস্ট, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, জবি;
৪৬-৪৮. পরিচালক (অর্থ ও হিসাব/পিআরআইপি/ছাত্র কল্যাণ), জবি;
৪৯. পরিচালক, আইসিটি সেল (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ), জবি;
৫০. পরীক্ষা নিয়ন্ত্রক, জবি;
৫১. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি (*উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য*), জবি;
৫২. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর (*ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য*), জবি;
৫৩. সংরক্ষণ/অফিস কপি।

২২.০৯.২২

(মোসাঃ আশরা-উন-আকতার তুহিন)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা (বৃত্তি)।

ডায়েরী নং ৯২৯৬
তারিখ ...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
(গবেষণা ও বৃত্তি শাখা)
www.ictd.gov.bd

নম্বর ৫৬.০০.০০০০.০৫২.৩৩.০০১.২১.২৪

তারিখ ৮ ভাদ্র ১৪২৯
২৩ আগস্ট ২০২২

বিজ্ঞপ্তি

**বিষয়: আইসিটি ক্ষেত্রে গবেষণার জন্য ২০২২-২০২৩ অর্থবছরে "হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ" প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্টদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহ্বান।**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে "হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ" প্রদানের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। **এক্ষেত্রে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী নির্বাচিত ০২ জন ফেলোকে (১ জন পুরুষ ও ১ জন মহিলা) মাসিক ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা হারে ০১ বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে।**

০২। হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপের যোগ্যতাঃ
বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েশন এর ফলাফল ঘোষণার ০১ (এক) বছরের মধ্যে আবেদন করতে হবে। এসএসসি, এইচএসসি পর্যায়ে সিজিপিএ ৫.০০ এবং গ্রাজুয়েশন পর্যায়ে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে। এছাড়া তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে গ্রাজুয়েশন শেষ হতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত হলে কোন সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরি করবেন না বা অন্য-কোন প্রতিষ্ঠান হতে ফেলোশিপ/অনুদান গ্রহণ করবেন না মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ঘোষণা প্রদান করতে হবে।

০৩। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক ims.ictd.gov.bd হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে (নীতিমালার অনুচ্ছেদ নং ৪.১ এবং ১৫)।

০৪। অনলাইনে আবেদনপত্র দাখিলের শেষ সময়: ৩১-১২-২০২২খ্রি. রাত ১১:৫৯ টা পর্যন্ত।

০৫। নীতিমালার সাথে সংগতিপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য ও বিবেচিত হবে না।

০৬। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন, পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।

২৩-৮-২০২২
সুফিয়া আক্তার রুমী
উপসচিব
ফোন: ০০০০০০০০০০
ফ্যাক্স: ৮৮-০২-৮১৮১৫৬৫
ইমেইল:

sufia.akhter@ictd.gov.bd

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সকল মন্ত্রণালয়/বিভাগ (বহুল প্রচারের লক্ষ্যে বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়/বিভাগ এর ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

২) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বহুল প্রচারের লক্ষ্যে বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অফিসিয়াল ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৩) অতিরিক্ত সচিব, আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৪) যুগ্মসচিব , হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৫) উপসচিব, লজিস্টিক সেবা-২ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ,(বহুল প্রচারিত ০১ টি বাংলা ও ০১ টি ইংরেজি দৈনিক পত্রিকায় ০১ দিনের সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)।

৬) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর ,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৭) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮) বিভাগীয় প্রধান, সিএসই/ ইইই বিভাগ (কার্যালয়ের ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ)

৯) পরিচালক, আই আইটি/ আইআইসিটি (কার্যালয়ের ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ)

১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ডিজিটাল গভর্নেন্স ও ইমপ্লিমেন্টেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিজ্ঞপ্তিটি বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।